

গ্রাহকের ধরণঃ শিক্ষা প্রতিষ্ঠান (সরকারী শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, পাবলিক বিশ্ববিদ্যালয়, সামরিক শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, শিক্ষা গবেষণা নেটওয়ার্ক, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান, আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়, আন্তর্জাতিক ট্রেনিং ও রিসার্চ সেন্টার ইত্যাদি)

সার্ভিসের নাম: Leased Line Internet (LLI)

সংযোগের সাধারণ নিয়মাবলী ও চার্জঃ

- ১.১ ক) সংযোগ ফি প্রতি সংযোগের জন্য ৫,০০০/- টাকা।
খ) সংযোগের জন্য ন্যূনতম এক মাসের সাধারণ ভাড়া/চার্জ অগ্রীম প্রদান করতে হবে।
গ) নূতন সংযোগ গ্রহণের ক্ষেত্রে গ্রাহকগণ একমাসের সাধারণ ভাড়া/চার্জের সমপরিমাণ অর্থ জামানত হিসেবে প্রদান করবেন, যা সংযোগ বিচ্ছিন্নের সময় সমন্বয় করা হবে।
ঘ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে জামানত প্রদানের নিয়ম প্রয়োজন হবে না।
- ১.২ Downgrade/ Permanent close charge: প্রযোজ্য নহে (Downgrade/ Permanent close কৃত ব্যান্ডউইড্থ এর পরিমাণ ১ Gbps কম হলে এক মাস পূর্বে এবং ১ Gbps বা এর বেশী হলে ২ মাস পূর্বে লিখিত জানাতে হবে অন্যথায় পূর্ণ বিল প্রদান করবে) তবে বিটিসিএল এর নেটওয়ার্ক সমস্যার কারণে গ্রাহক Downgrade করলে কোন চার্জ প্রযোজ্য হবেনা এবং যেকোন সময়ই কার্যকর হবে।
- ১.৩ ক) Upgradation charge: প্রযোজ্য নহে (ব্যান্ডউইড্থ খালি থাকার সাপেক্ষে)।
খ) Instant Upgradation charge: চার্জ প্রযোজ্য নহে। ব্যান্ডউইড্থ খালি থাকার সাপেক্ষে এই সুবিধা প্রদান করা হবে। মেয়াদ ন্যূনতম ১ দিন হবে। গ্রাহককে Instant Upgradation সুবিধা নেয়ার জন্য আলাদা ডিপোজিট রাখতে হবে এবং Instant Upgradation কৃত ব্যান্ডউইড্থ এবং সময়, ডিপোজিটের পরিমাণের উপর নির্ধারিত হবে।
চার্জঃ গ্রাহকের সংযোগকৃত ব্যান্ডউইড্থ স্বাভাবিক চার্জের ১০% বেশী। তবে উক্ত সময় ১৫(পনের) দিনের বেশী হলে স্বাভাবিক হারে দিনের গুণিতক হিসাবে চার্জ প্রযোজ্য হবে।
- ১.৪ শিফটিং চার্জঃ
ক) ২,০০০/- টাকা প্রতি সংযোগ(লোকাল লুপ শিফটিং অন্তর্ভুক্ত নহে)।
খ) ১০০০/- (ব্যান্ডউইড্থ) প্রতি ঘটনায়।
গ) ৫০০০/- (লোকাল লুপ শিফটিং ঠিকানা সহ)।
- ১.৫ মালিকানা/ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে প্রতি সংযোগের জন্য সর্বনিম্ন ২০০০/- তবে অধিক সংযোগের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০,০০০/- প্রদান করতে হবে।
- ১.৬ গ্রাহক প্রান্তের টার্মিনাল গ্রাহক নিজে সরবরাহ করবেন। লোকাল লুপ বা লাষ্ট মাইল সলুশন গ্রাহক নিজেও সরবরাহ করতে পারেন বা নির্ধারিত ভাড়া প্রদান সাপেক্ষে বিটিসিএল-এর নিজস্ব ফাইবার বা বিটিসিএল-এর আউটসোর্স প্রতিনিধির ফাইবার ব্যবহার করতে পারবেন।
- ১.৭ গ্রাহকগণ যে কোন PoP এর একটি পোর্ট হতে সংযোগ গ্রহণ করতে পারবেন। এর অতিরিক্ত পোর্ট গ্রহণ করতে চাইলে প্রাপ্তি সাপেক্ষে পোর্ট প্রতি ৫,০০০/- টাকা পোর্ট চার্জ প্রদান করতে হবে, তবে একটি পোর্ট হতে ৫০০ এমবিপিএস এর বেশী ব্যান্ডউইড্থ ব্যবহারকারী গ্রাহকগণ পোর্ট চার্জ ব্যতিত একটি অতিরিক্ত ব্যাকআপ পোর্ট প্রাপ্য হবেন।
- ১.৮ স্বল্পকালীন সংযোগের ক্ষেত্রে ন্যূনতম ১ মাসের বিল প্রদান করতে হবে। তবে ৫০০ এমবিপিএস এর চেয়ে বেশী ব্যান্ডউইড্থ গ্রহণকারী গ্রাহক অথবা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এর ক্ষেত্রে ন্যূনতম ১৫ দিন অথবা সংযোগকালীন সময়ের বিল প্রদান করতে হবে।
- ১.৯ ন্যূনতম পাঁচ বছর মেয়াদী ব্যবহারের চুক্তিবদ্ধ গ্রাহকগণ, নিম্নে প্রদর্শিত ছকের শেষ কলামের বিশেষ হারে চার্জ প্রদানের সুবিধা পাবেন। এরূপ সুবিধা ভোগকারী কোন গ্রাহক যদি মেয়াদ শেষ হওয়ার পূর্বেই সংযোগ বিচ্ছিন্ন করতে আগ্রহ প্রকাশ করেন, তবে চুক্তিবদ্ধের তারিখ হতে স্বাভাবিক হারের চার্জ হিসেব করে বকেয়া পরিশোধ করবেন।
- ১.১০ একই নামে একাধিক সংযোগ থাকলে সকল সংযোগের ব্যান্ডউইড্থ সমন্বয়ে একক ব্যান্ডউইড্থ হিসেবে গণ্য করে বিল জারী হবে।

এই ক্যাটাগরীর গ্রাহকগণের জন্য নিম্নরূপ মাসিক চার্জ নির্ধারিত হবেঃ

ক্রঃ নং	ব্যান্ডউইড্থ Mbps	Mbps প্রতি চার্জ (টাকা)	ন্যূন্যতম ৫ বছর মেয়াদী চুক্তিতে Mbps প্রতি চার্জ (টাকা)
১	৫-৯৯	৩০০	২৭০
২	১০০-২৯৯	২৯০	২৬০
৩	৩০০-৪৯৯	২৬৫	২৪০
৪	৫০০-৯৯৯	২৪০	২১৫
৫	১০০০-২৯৯৯	২১৫	১৯৫
৬	৩০০০ বা এর অধিক	২০০	১৮০

ইউনিয়নের গ্রাহকগণ উপরের টেবিলের চার্জ হতে অতিরিক্ত ১০% ডিসকাউন্ট পাবেন।

২. বিটিসিএল-এর অপটিক্যাল লোকাল লুপ (OFC Local Loop) এর ভাড়াঃ

এককালীন সংযোগ মূল্য - সংযোগ প্রতি ৫,০০০/- টাকা এবং প্রতি কোর ফাইবারের মাসিক ভাড়া প্রথম ৫০০ মিটার পর্যন্ত সর্বনিম্ন ১,০০০/ টাকা এবং পরবর্তি প্রতি কোর প্রতি মিটার ১.৫০ টাকা হবে। পার্বত্য তিন জেলার জন্য পরবর্তি প্রতি কোর প্রতি মিটার ১.৯৫ টাকা হবে। তবে শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারী প্রতিষ্ঠান ক্যাটাগরির গ্রাহকগণ যদি অধিক দূরত্বের অপটিক্যাল লোকাল লুপ হিসেবে ব্যবহার করেন তাহাদের প্রতি কোর ফাইবারের মাসিক ভাড়া সর্বোচ্চ ১৫০০০/- টাকা প্রদান করবেন।

তবে যে সকল গ্রাহক একক সংযোগে ১০০ Mbps এর বেশি ব্যান্ডউইড্থ ব্যবহার করবেন, তাদের উক্ত সংযোগের জন্য লোকাল লুপের ভাড়া প্রযোজ্য হবে না।

** যদি লোকাল লুপ Outsource Partner এর মাধ্যমে প্রদান করা হয়, সেক্ষেত্রে Outsource Partner এর প্রাপ্য অর্থ বিটিসিএল প্রদান করবে।

সকল সংযোগের ক্ষেত্রে বিধি মোতাবেক ভ্যাট বা অন্যান্য চার্জ প্রযোজ্য হবে